অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইয়োঙ্কার্সের স্কুলগুলির জন্য ঐতিহাসিক স্টেট তহবিল ঘোষণা করলেন

অর্থবছর 2023 এর বাজেট শিক্ষার্থী এবং শিক্ষকদের জন্য নজিরবিহীন সমর্থন প্রদান করে

ঐতিহাসিক পরিকল্পনায় রয়েছে 2023 শিক্ষাবর্ষের জন্য রেকর্ড 31.5 বিলিয়ন মার্কিন ডলার মোট স্টেটব্যাপী স্কুল এইড, যা সর্বকালের সর্বোচ্চ স্টেট এইড

2022-2023 সালে ইয়োঙ্কার্স সিটি স্কুলগুলির জন্য 360.1 মিলিয়ন মার্কিন ডলার স্টেট এইড

গভর্নর ক্যাথি হোকল আজকে 2022-2023 শিক্ষাবর্ষে ইয়োঙ্কার্স স্কুলগুলির জন্য ঐতিহাসিক স্টেট তহবিল ঘোষণা করলেন। এইডটি অর্থবছর 2023 এর স্টেট বাজেট (State Budget) শিক্ষাখাতে গভর্নর হোকলের নজিরবিহীন বিনিয়োগের অংশ। বিনিয়োগগুলির মধ্যে রয়েছে স্টেটব্যাপী স্কুল এইডে 2.1 বিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি যার মধ্যে রয়েছে ফাউন্ডেশন এইডে (Foundation Aid) 1.5 বিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি এবং চার বছর বয়সী শিশুদের জন্য প্রাক-কিন্ডারগার্টেনে 125 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি। পাশাপাশি, বাজেট শিক্ষার্থী এবং শিক্ষাবিদদের একাডেমিক মানসিক স্বাস্থ্য সেবা সমর্থন প্রদানে 100 মিলিয়ন মার্কিন ডলার মিলিত তহবিল প্রদান করবে।

"আমাদের 2023 অর্থবছরের স্টেট বাজেটে এমন ঐতিহাসিক বিনিয়োগ রয়েছে যা বর্তমানে এবং আগামী বছরগুলিতে মানুষের জীবনে পরিবর্তন নিয়ে আসবে, যার মধ্যে রয়েছে আমাদের সরকারি স্কুলগুলির জন্য রেকর্ড পরিমাণ বিনিয়োগ, যা স্টেটের ইতিহাসে সর্ববৃহৎ," **গভর্নর হোকল বলেন।** "কোভিড-19 মহামারী আমাদের শিক্ষক এবং শিক্ষার্থীদের উপর চাপিয়ে দেওয়া একটি অকল্পনীয় অভিজ্ঞতা, কিন্তু তারা এটি কাটিয়ে উঠতে পেরেছে। এখন তাদেরকে সঠিক পথে ফেরত নিয়ে আসা, পুনরুদ্ধার, এবং সমৃদ্ধি নিশ্চিত করা আমাদের দায়িত্ব এবং আমি নিউ ইয়র্কের শিক্ষা ব্যবস্থার ক্ষমতা উন্মোচনকারী এই বাজেটের সাথে কাজ করার জন্য সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্সকে ধন্যবাদ জানাচ্ছি।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "আমি গর্বিত যে বিগত কিছু বছরে আমাদের স্কুলগুলির সম্পূর্ণ অর্থায়ন করার ব্যাপারে যেসকল প্রচেষ্টায় নেতৃত্ব দিতে

আমি সাহায্য করেছি, আমরা সেগুলিকে আরো অগ্রসর করছি যাতে করে জিপ কোড বা স্কুল জেলা যাই হোক না কেনও, সকল নিউ ইয়র্ক শিক্ষার্থীর উচ্চমানের শিক্ষা পাওয়ার সুযোগ থাকে। এই বিগত বাজেটে, গভর্নর হোকল, সিনেটের শিক্ষা প্রধান শেলী মায়ার, ডেমোক্রেটিক সিনেট সংখ্যাগরিষ্ঠতা (Democratic Senate Majority), এবং অ্যাসেম্বলিতে আমাদের সহকর্মীদের সাথে এই প্রচেষ্টা অগ্রসর করতে জোর দান করা জরুরি ছিলো। একত্রে কাজ করে, আমরা ইয়োঙ্কার্স এবং পুরো নিউ ইয়র্ক স্টেটে আমাদের শিক্ষার্থীদের জন্য এইসব ঐতিহাসিক মাত্রার বিনিয়োগ নিয়ে আসতে পেরেছি। দোলনা থেকে কলেজ পর্যন্ত শিক্ষার্থীদের জন্য এইসব ল্যান্ডমার্ক বিনিয়োগ নিউ ইয়র্কের জন্য একটি উজ্জ্বল অগ্রগামী পথ নিশ্চিত করবে।"

2023 অর্থবছরের স্টেট বাজেট 2022-2023 সালে ইয়োঙ্কার্স সিটি স্কুলগুলির জন্য 360.1 মিলিয়ন মার্কিন ডলার স্টেট এইড প্রদান করে, যা বিগত শিক্ষাবর্ষ থেকে 25.5 মিলিয়ন মার্কিন ডলার, বা 7.6 শতাংশ বর্ধিত হলো। এর মধ্যে রয়েছে 246.7 মিলিয়ন মার্কিন ডলারের 2022-23 ফাউন্ডেশন এইড, এটি বছরে 12.7 মিলিয়ন মার্কিন ডলার বা 5.4 শতাংশ বৃদ্ধি পেলো। এছাড়াও ইয়োঙ্কার্স সিটি স্কুল জেলা (Yonkers City School District) ভিডিও লটারি টার্মিনাল (Video Lottery Terminal, VLT) এইড হিসেবে 19.6 মিলিয়ন মার্কিন ডলার এবং স্টেট শিক্ষা ডিপার্টমেন্ট (State Education Department, SED) বাজেটে অতিরিক্ত 12 মিলিয়ন মার্কিন ডলার পাবে।

বাজেটটি মধ্য-হাডসন অঞ্চলের স্কুল এইড 358.7 মিলিয়ন মার্কিন ডলার বা 13.0 শতাংশ বৃদ্ধি করে, যার মধ্যে রয়েছে ফাউন্ডেশন এইডে 267.3 মিলিয়ন মার্কিন ডলার বা 15.0 শতাংশ বৃদ্ধি। এই বৃদ্ধি মূলত ফাউন্ডেশন এইড সূত্রের সম্পূর্ণ অর্থায়নের তিন বছরের পর্যায়ের দ্বিতীয় বছরের দ্বারা চালিত।

FY 2023 স্টেট বাজেটে শিক্ষা ক্ষেত্রে বিনিয়োগের মধ্যে রয়েছে:

ঐতিহাসিক শিক্ষা তহবিল

এবারের স্টেট বাজেটে মহামারী চলাকালীন সময়ের মধ্যে শিক্ষার্থী, শিক্ষক, ও স্কুলগুলোর চাহিদাগুলো পূরণের জন্য বাড়তি তহবিল ও পরিষেবা প্রদানের মাধ্যমে শিক্ষার প্রতি গভর্নর হোকলের শক্তিশালী অঙ্গীকারবদ্ধতার প্রতিফলন ঘটেছে। এই বাজেটে 2023 স্কুল বর্ষের জন্য মোট 31.5 বিলিয়ন ডলারের স্কুল সহায়তা প্রদান করা হচ্ছে যা এখন পর্যন্ত স্কুল সহায়তার সর্বোচ্চ পরিমাণ। এই বিনিয়োগের মধ্যে ফাউন্ডেশন সহায়তা 1.5 বিলিয়ন ডলার বা 7.7 শতাংশ বৃদ্ধি সহ 2022 স্কুল বর্ষের তুলনায় এক বছরে 2.1 বিলিয়ন ডলার বা 7.2 শতাংশ বৃদ্ধি অন্তর্ভুক্ত রয়েছে, যা পুরোপুরি ফাউন্ডেশন সহায়তা প্রদান করার জন্য গভর্নর হোকলের তিন-বছরব্যাপী অঙ্গীকারের দ্বিতীয় বছরের প্রতিনিধিত্ব করে।

সর্বজনীন প্রি-কিন্ডারগার্টেন

এই প্রণীত বাজেটে উচ্চ মানের প্রি-কিন্ডারগার্টেনের জন্য স্টেটের বিনিয়োগ 125 মিলিয়ন ডলার বা 13 শতাংশ বৃদ্ধি করে 1.1 বিলিয়ন ডলারে উন্নীত করা হয়েছে। এই তহবিল ব্যবহার করে স্কুল ডিস্ট্রিক্টগুলো স্টেটব্যাপী চার-বছর-বয়সী প্রায় 17,500 বাড়তি শিশুর জন্য উচ্চ-মানসম্মত, পূর্ণ-দিনের প্রি-কিন্ডারগার্টেনের অ্যাক্সেস প্রদান করতে সক্ষম হবে।

একাডেমিক ও মানসিক স্বাস্থ্য সহায়তা

এই স্টেট বাজেটে কোভিড-19 মহামারীর ফলে তৈরি হওয়া মানসিক আঘাত মোকাবেলার জন্য শিক্ষার্থীদের সুস্থতা ও শিক্ষার ক্ষতি মোকাবেলার জন্য সর্বোচ্চ প্রয়োজন থাকা স্কুল ডিস্ট্রিক্ট ও BOCES-এর জন্য দুই বছর ব্যাপী প্রদানের জন্য 100 মিলিয়ন ডলারের ম্যাচিং তহবিল অন্তর্ভুক্ত রয়েছে। এর মধ্যে বর্ধিত স্কুল দিবস বা স্কুল বর্ষের কর্মসূচি, স্কুল শেষের পর হওয়া কর্মসূচি, মানসিক স্বাস্থ্য পেশাজীবী ও স্থানীয়ভাবে নির্ধারণকৃত অন্যান্য উদ্যোগের জন্য সহায়তা অন্তর্ভুক্ত রয়েছে।

শিক্ষকদের নিয়োগ ও প্রশিক্ষণ

এই বাজেটে শিক্ষকদের কর্মীদল সম্প্রসারণ করার পাশাপাশি অন্যান্য ক্যারিয়ারের পেশাজীবীদের শিক্ষক হয়ে উঠার উপায়গুলো সম্পর্কিত নতুন উদ্যোগসমূহের জন্য তহবিল অন্তর্ভুক্ত রয়েছে।

এই বাজেটে স্কুলগুলোতে শীঘ্রই আরো বেশি শিক্ষক নিয়ে আসার জন্য এবং একই সাথে তাদের ক্যারিয়ার শুরু করার সময়ে সহায়তা ও প্রশিক্ষণের অধিকতর সুযোগ-সুবিধা প্রদানের জন্য স্টেট শিক্ষকদের জন্য রেসিডেন্সি কর্মসূচি তৈরি করা হয়েছে। এছাড়াও অন্যান্য ক্যারিয়ারের পেশাজীবীদের জন্য শিক্ষকতার পেশা বেছে নেওয়াকে সহজতর করা ও আরো বেশি আবেদনময় করে তোলার জন্য স্টেট শিক্ষকদের বিকল্প সনদপ্রাপ্তির কর্মসূচিসমূহ, যেমন নিউ ইয়র্ক সিটি টিচিং কোলাবোরেটিভ (New York City Teaching Collaborative) সম্প্রসারণ করবে। শিক্ষক হতে আগ্রহী ব্যক্তিরা উচ্চ-চাহিদা রয়েছে এমন স্কুল ডিস্ট্রিক্টগুলোতে তাদের শিক্ষানবিশ সময় পার করবেন এবং একই সময়ে তাদের স্ব স্ব বিষয়ে মাস্টার্স ডিগ্রি অর্জন করবেন।

এই বাজেটে বর্তমান প্যারাপ্রফেশনাল ও টিচিং অ্যাসিস্ট্যান্টদের দক্ষতা উন্নয়নের উদ্যোগসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের স্কুলগুলোতে 100,000-এরও বেশি সংখ্যক প্যারাপ্রফেশনাল ও টিচিং অ্যাসিস্ট্যান্ট রয়েছেন—এটি এমন এক সংখ্যা যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। এই বাজেটে শিক্ষকতার ডিগ্রি অর্জনের জন্য স্কুল ডিস্ট্রিক্টে কর্মরত রয়েছেন এমন প্যারাপ্রফেশনালদের জন্য অনুদান প্রদান করা হবে। স্কুল ডিস্ট্রিক্টগুলোকে অবশ্যই প্রার্থীদের সাথে পেশাজীবী মেন্টরদের জোড়বদ্ধ করে দিতে হবে।

কর্মীদল শক্তিশালী করার জন্য এবং শিক্ষক সংকট মোকাবেলার জন্য, এই বাজেটে নির্দিষ্ট কিছু অবসর গ্রহণকারীর জন্য আয়ের সীমা সাময়িকভাবে মওকুফ করে দেওয়া হবে। নিউ ইয়র্ক স্টেটে 169,000 জন অবসরপ্রাপ্ত শিক্ষক রয়েছেন, যাদের মধ্যে অনেকেই বর্তমান পেনশন সীমা মওকুফ করা হলে শিক্ষকতায় ফিরে আসতে আগ্রহী হবেন। নির্দিষ্ট কিছু অবসরপ্রাপ্ত ব্যক্তির জন্য 35,000 ডলারের সীমা প্রত্যাহার করে নেওয়া হবে, শিক্ষকদের ও অন্য স্কুল কর্মীদের কর্মীদলে যোগ দেওয়ার জন্য প্রণোদনা প্রদান করা হবে।

সবুজ শিক্ষা

স্কুলগামী বয়সের নিউ ইয়র্কবাসীদের জন্য বায়ুর মান উন্নত করতে, এই স্টেট বাজেটে 2027 সালের মধ্যে ক্রয়কৃত সকল নতুন স্কুল বাস শূন্য-নির্গমনকারী হওয়া এবং 2035 সালের মধ্যে সড়কে চলাচলকারী সব স্কুল বাস শূন্য-নির্গমনকারী হওয়া আবশ্যক করেছে। শূন্য-নির্গমনকারী

বাস এবং চার্জিং স্টেশন সহ সংশ্লিষ্ট চার্জিং অবকাঠামো ক্রয়ের জন্য সহায়তা করতে এই স্টেট বাজেটে পরিবেশ বন্ড আইনের মাধ্যমে 500 মিলিয়ন ডলার প্রদান করা হবে। সেইসাথে, স্কুল ডিস্ট্রিক্টগুলোর এই লক্ষ্য পূরণে সাহায্য করার জন্য স্টেট বাজেটে ডিস্ট্রিক্টগুলোকে 12 বছরের জন্য শূন্য-নির্গমনকারী বাসগুলো লিজ নেয়া বা অর্থায়নের অনুমোদন রাখা হয়েছে, যা বর্তমানের ডিজেল-চালিত বাসগুলোর জন্য পাঁচ বছরের সীমার চেয়ে দ্বিগুণেরও বেশি, এবং শূন্য-নির্গমনকারী বাস ও সংশ্লিষ্ট চার্জিং অবকাঠামোর জন্য পরিবহন সহায়তা প্রদান নিশ্চিত করা হয়েছে।

এই বাজেট নিউ ইয়র্কের স্কুলগুলোতে পরিবেশগত স্থায়ীত্ব নিয়ে আসার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারের সাথে যোগ হচ্ছে। "নির্মল পানি, নির্মল বায়ু ও সবুজ কর্মসংস্থানের জন্য পরিবেশগত বন্ড আইন" এর অধীনে নির্মল সবুজ স্কুল উদ্যোগ 1,000 এরও বেশি সরকারি স্কুলে সেবা প্রদান করবে এবং প্রায় 1 মিলিয়নেরও বেশি শিক্ষার্থীকে উপকৃত করবে। এই কর্মসূচির আওতায় উল্লেখযোগ্য অবকাঠামো উন্নয়ন সম্পন্ন করা হবে, যেমন জিওথার্মাল হিটিং ও কুলিং, সৌরশক্তি, সবুজ ছাদ, এবং ভবনের ভেতরে বায়ুর মান রক্ষা/ভেন্টিলেশন। এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ শুধু স্টেটের অর্থনীতিকে উন্নতই করবে না, বরং যথাযথ সংস্থান না পাওয়া সরকারি স্কুলগুলোতে নির্মল জ্বালানি ও একটি অধিকতর স্বাস্থ্যকর ইনডোর পরিবেশ নিয়ে আসার মাধ্যমে জলবায়ু ন্যায়বিচারকে এগিয়ে নেবে।

স্টেট সিনেটর শেলি বি. মায়ার বলেন, "আমি আনন্দিত যে আমাদের এমন একটি বাজেট রয়েছে যা ফাউন্ডেশন এইড সম্পূর্ণ অর্থায়ন করার স্টেটের দীর্ঘদিনের প্রতিশ্রুতিকে স্বীকৃতি প্রদান করে। যখন আমরা বলেছিলাম যে আমরা শিশুদের জিপ কোডের দিকে না তাকিয়ে সকল স্কুলের জন্য তহবিল প্রদান করবো, আমরা সত্যি বলেছি। সরকারি শিক্ষার জন্য তার অবিচল নেতৃত্বের জন্য গভর্নর ক্যাথি হোকলকে এবং এই প্রতিশ্রুতি পূরণ করতে জোর প্রদানের জন্য সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্সকে ধন্যবাদ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন